# শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট

## শ্রেণি- তৃতীয়

## বিষয়- গণিত

### সরল ( বন্ধনীসহ )

১।ক)১২+৫ এটি কী অঙ্ক?কেন? অঙ্কটিতে কয়টি প্রক্রিয়ার কাজ আছে?

উ:১২+৫ এটি যোগ অঙ্ক, কারণ দুটি সংখ্যার মাঝে যোগ চিহ্ন আছে ।অঙ্কটিতে একটি প্রক্রিয়ার কাজ আছে ।

খ ) ১২+৫-৮ এটি কী অঙ্ক?কেন?

উ:- এটি সরল অঙ্ক, কারণ অঙ্কটিতে একাধিক ( একের বেশি) প্রক্রিয়ার কাজ আছে ।

গ) ধণাত্মক ও ঋণাত্মক সংখ্যা বলতে কী বোঝায়?

উ:- সরলে যে সংখ্যার আগে যোগ চিহ্ন থাকে তাকে ধণাত্মক সংখ্যা ও যে সংখ্যার আগে বিয়োগ চিহ্ন থাকে তাকে ঋণাত্মক সংখ্যা বলে ।

[ সরলে প্রথম সংখ্যার চিহ্ন সবসময় যোগ হয়।]

ঘ) ১২+৫-৮ অঙ্কটি থেকে ধণাত্মক ও ঋণাত্মক সংখ্যা বেছে লেখো :-

ধণাত্মক সংখ্যা=১২,৫

ঋণাত্মক সংখ্যা=৮

ঙ) অঙ্কের ভাষায় প্রকাশ করা মানে কী?

উ:- কোনো সমস্যার অঙ্ককে কেবলমাত্র উপযুক্ত চিহ্ন ও সংখ্যা দ্বারা প্রকাশ করাকে 'অঙ্কের ভাষায় প্রকাশ করা ' বলে ।

চ) সরল কাকে বলে?

উ:- একাধিক প্রক্রিয়াযুক্ত সমস্যার অঙ্ককে অঙ্কের ভাষায় প্রকাশ করাকে সরল বলে।

ছ) সরলে বন্ধনী ও বিভিন্ন চিহ্নের কাজ পরপর করতে কোন্ শব্দটি মনে রাখতে হবে?

উ:-'BODMAS' শব্দটি ।

জ)'BODMAS' শব্দটির প্রতিটি letter এর মানে কী?

উ:-BODMAS-

B=Bracket ( বন্ধনী)

O=Of (এর)

D=Division ( ভাগ)

M=Multiplication ( গুণ)

A= Addition ( যোগ)

S=Subtraction (বিয়োগ)

ঝ) বন্ধনী কয়টি ও কী কী?

উ:- বন্ধনী তিনটি ।প্রথম বন্ধনী, দ্বিতীয় বন্ধনী ও তৃতীয় বন্ধনী ।

ঞ)উদাহরণ

i) ৫৬-৬০÷৪+৫×৬-৮

=৫৬-১৫+৫×৬-৮

=৫৬-১৫+৩০-৮

=৫৬+৩০-১৫-৮

=(৫৬+৩০)-(১৫+৮)

=৮৬-২৩

=৬৩

উ:-নির্ণীত সরলমান৬৩

( প্রথমে ভাগের কাজ, তারপর গুণ, শেষে যোগ ও বিয়োগের কাজ করা হয়)

ii)৮×৫÷২০

=৪০÷২০

=২

(ভাজ্য ভাজকের চেয়ে ছোটো হওয়ায় গুণের কাজ ভাগের আগে করা হল)

উ:-নির্ণীত সরলমান২।

iii)৮×৯÷৬

= ৭২÷৬

= ১২

(ভাজ্য ভাজকের নামতায় না থাকায় গুণের কাজ ভাগের আগে করা হল ।)

iv)২৭÷৯÷৩

=৩÷৩

=১

( পরপর দুটি ভাগ চিহ্নের কাজ থাকলে প্রথম ভাগ আগে করবো)

v)১৫-(১৮×৩-৮×৬)+৭×৯÷৩

=১৫-(৫৪-৪৮)+৭×৯÷৩

=১৫-৬+৭×৩

=১৫-৬+২১

=(১৫+২১)-৬

=৩৬-৬

=৩০

উ:-নির্ণীত সরলমান৩০।

নিজে কর বই অনুশীলনী-৭,২।চ)

vi)৪৮-{২০-(৮×৬)÷১২}÷৮

=৪৮-{২০-৪৮÷১২}÷৮

=৪৮-{২০-৪}÷৮

=৪৮-১৬÷৮

=৪৮-২

=৪৬

উ:- নির্ণীত সরলমান ৪৬।

২।ছ)/

vii)[৮০-{২৯-৩×(৩÷৩)×৫}]÷৬

=[৮০-{২৯-৩×১×৫}]÷৬

=[৮০-{২৯-১৫}]÷৬

=[৮০-১৪]÷৬

=৬৬÷৬

=১১

উ:- নির্ণীত সরলমান ১১।

viii) ৯২-[১৬×৬-{৫×১৪÷৭-(৯×১২-১৭×৬)}]

ix) [৫০-{৪০÷(১০×৬÷১২×২)-৩৬÷৯}]÷৫

x) (৫৫÷১১×২-১৫×৪÷১২)×৬÷১৫

xi) [৫৪-{৮÷(৪÷২)+৫×(৩×২)}]÷{৫×৮÷(১৭-৭)}

viii) থেকে xi) নিজেরা করবে।

এছাড়া নিজের অঙ্ক নিজে কর বই অনুশীলনী-৭ এর ২।এর বাকি সরল অঙ্কগুলি বাড়িতে অভ্যাস করবে।১।

বিঃদ্রঃ

- ছাত্র-ছাত্রীদের পাঠ যদি বুঝতে সমস্যা হয়, তবে নিজের বক্তব্য Comment Box- এ পাঠাও।
- নিজের নাম, শ্রেণি, বিভাগ, ক্রমিক সংখ্যা ও যোগাযোগ নম্বর উল্লেখ করবে।
- আমরা সরাসরি তোমাদের সাথে যোগাযোগ করে নেবো।